# সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

প্রধান কার্যালয়ঃ ২১৮, এম,এ বারী সড়ক, সোনাডাঙ্গা, খুলনা।


সূত্র নং- ২৮.২১.০০০০.১৩৫.৩২.০০১.২২/ তারিখঃ ২১/০৮/২০২২

**বিষয়ঃ এসজিসিএল এর তালিকাভুক্ত ১.১ শ্রেণির ঠিকাদারি প্রতিষ্ঠানসমূহের ২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ দুই (০২) অর্থ বছরের তালিকাভুক্তি নবায়নের জন্য প্রয়োজনীয় তথ্য, নিয়ম ও শর্তাবলী প্রসঙ্গে।**

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল) এর তালিকাভুক্ত ১.১ শ্রেণির গ্যাস পাইপলাইন নির্মাণকারী ঠিকাদারী প্রতিষ্ঠানের ২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ দুই (০২) অর্থ বছরের জন্য নবায়নের নিমিত্ত নিম্নবর্ণিত নিয়মাবলী ও শর্তপূরণক্রমে আবেদন আহ্বান করা যাচ্ছেঃ

**(১) আবেদনকারী প্রতিষ্ঠানের যোগ্যতাঃ**

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেডের সাথে তালিকাভুক্ত ১.১ শ্রেণির ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহ।

**(২) আবেদনের সময়সীমাঃ**

১১/০৯/২০২২ হতে ১১/১০/২০২২ পর্যন্ত মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) বরাবরে নির্ধারিত ছকে (***সংযুক্ত ছক-১***) উল্লেখিত তথ্যসমেত (ই-মেইলসহ আবশ্যিক) প্রতিষ্ঠানের নিজস্ব চতুরঙ্গা লেটার হেড প্যাডে (রঙ্গিন) কম্পোজপূর্বক ফরওয়ার্ডিং পত্রসহ যথানিয়মে স্ব-শরীরে উপস্থিত হয়ে বা উপযুক্ত প্রতিনিধি মারফত আবেদন পত্র দাখিল করতে হবে। এবিষয়ে উল্লেখ্য যে, ***সংযুক্ত ছক-১*** এর সফট কপি এসজিসিএল-এর ওয়েবসাইট www. sgcl.org.bd হতে ডাউনলোড করা যাবে। প্রতিনিধি মারফত আবেদন জমা প্রদানের ক্ষেত্রে প্রতিষ্ঠানের মালিক/স্বত্বাধিকারী কর্তৃক প্রতিষ্ঠানের কালার প্যাডে জমাদানকারী প্রতিনিধির ছবি ও স্বাক্ষর সত্যায়ন সম্বলিত ইস্যুকৃত Authorization Letter (প্রতিনিধির জাতীয় পরিচয় পত্রের ফটোকপি) প্রদর্শন ও জমা প্রদান করতে হবে।

**(৩) নবায়ন ফি এর পরিমাণ, পরিশোধের স্থান, সময়সীমা ও ভ্যাটঃ**

প্রতি অর্থ বছরের জন্য নবায়ন ফি বাবদ ২,০০০.০০ (দুই হাজার) টাকা হারে ০২ (দুই) বছরের জন্য মোট ৪,০০০.০০ (চার হাজার) টাকা এবং বকেয়া/জরিমানা (প্রযোজ্য ক্ষেত্রে) বাবদ নিয়মানুযায়ী নির্ধারিত টাকা আগামী ১১/১০/২০২২ তারিখের মধ্যে **"সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড"** এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংকের ব্যাংক ড্রাফ্ট বা পে-অর্ডার আকারে জমা প্রদান করতে হবে। এছাড়াও পূর্বে তালিকাভুক্তি নবায়নকালে প্রদত্ত প্রতিনিধি ও ফিটার পরিবর্তন হলে, প্রতিজন নিয়োগ বা পরিবর্তনের জন্য ৩০০.০০ টাকা **"সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড"** এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংকের ব্যাংক ড্রাফ্ট বা পে-অর্ডার আকারে নির্ধারিত ১১/১০/২০২২ তারিখের মধ্যে জমা প্রদান করতে হবে।

**ভ্যাট জমাকরণঃ** নবায়নের লক্ষ্যে প্রযোজ্য নবায়ন ফি এর উপর সরকারী বিধি মোতাবেক ১৫% ভ্যাট বাবদ টাকা সরকারী ট্রেজারি চালানের মাধ্যমে নির্দিষ্ট কোড নং- **১-১১৩৩-০০০১-০৩১১** এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংক বা সোনালী ব্যাংকে জমাপ্রদান করতঃ এর মূল কপি আবেদনের সাথে জমা প্রদান করতে হবে।

**(৪) তালিকাভুক্তি নবায়নের বিশেষ শর্তাবলীঃ**

১) প্রতিষ্ঠানের নিজস্ব চতুরঙ্গা লেটার হেড প্যাডে (রঙ্গিন) নবায়ন বিজ্ঞপ্তির তারিখসহ সূত্রস্থ পত্র, ক্যাটাগরী, অর্থ বছর ইত্যাদি উল্লেখপূর্বক প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/বৈধ প্রতিনিধির (প্রতিনিধি বলতে স্বত্বাধিকারীর পক্ষের কার্যক্রম পরিচালনার জন্য ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি) নাম স্বাক্ষর ও সীল মোহর সম্বলিত আবেদন পত্র। নবায়নকালীন আবেদনের সময় যে চতুরঙ্গা লেটার হেড প্যাডে (রঙ্গিন) আবেদন করবেন উক্ত প্যাড রেজিস্টার্ড প্যাড হিসেবে বিবেচিত হবে।

২) প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন সনদ, হালনাগাদ আয়কর পরিশোধের সনদ এবং সর্বশেষ তালিকাভুক্ত নবায়ন সনদপত্র ইত্যাদির সত্যায়িত ফটোকপি জমা প্রদান করতে হবে।

৩) ২০২২-২৩ ও ২০২৩-২৪ সালে তালিকাভুক্তি নবায়নকালে প্রদত্ত জনবল ও যন্ত্রপাতির ক্ষেত্রে স্বত্বাধিকারী কর্তৃক সত্যায়িত জনবলের জীবনবৃত্তান্ত, নিয়োগপত্র, শিক্ষাগত যোগ্যতার সনদ, নাগরিকত্বের সনদ, ০২ কপি স্ট্যাম্প সাইজের রঙ্গিন ছবি এবং প্রত্যেক জনবলের নমুনা স্বাক্ষর জমা দিতে হবে। যন্ত্রপাতির ক্ষেত্রে কার্যক্ষম যন্ত্রপাতি, মেশিনারী ও সাজ সরঞ্জমের তালিকা জমা দিতে হবে।

৪) শ্রেণি ভিত্তিক উপযুক্ত জনবলের তালিকা যেমন স্বত্বাধিকারী/ ডমেস্টিক সুপারভাইজার/ ডমেস্টিক ফিটার (১.১ শ্রেণি) প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী কর্তৃক প্রতিস্বাক্ষরিত করে জমা দিতে হবে।

৫) জনবল নিযুক্তির ক্ষেত্রে পাওয়ার অব এটর্নি বলে ক্ষমতাপ্রাপ্ত ডমেস্টিক সুপারভাইজারগণ সরাসরি স্বাক্ষর করতে পারবেন এবং সেক্ষেত্রে স্বত্বাধিকারীর সরাসরি স্বাক্ষরের বাধ্যবাধকতা থাকবে না। প্রতিটি পাওয়ার অব এটর্নি/ হলফনামা শুধুমাত্র নবায়ন মেয়াদকাল বিবেচিত হবে।

৬) কোন ঠিকাদারী প্রতিষ্ঠানের নিযুক্তকৃত প্রতিনিধি, সুপারভাইজার, ফিটার বা অন্যান্য জনবল কর্তৃক ১.১ শ্রেণির তালিকাভুক্তি তফসীলের নিয়মবহির্ভূত কোন কাজের সংশ্লিষ্টতার প্রমাণ পাওয়া গেলে তার দায়িত্ব সম্পূর্ণভাবে ঠিকাদারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীকে বহন করতে হবে মর্মে ৩০০ (তিন শত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গিকারনামা (সংযুক্ত নমুনা-১) প্রদান করতে হবে।

৭) প্রতিটি দুর্ঘটনার জন্য নূন্যতম ৫০ (পঞ্চাশ) হাজার টাকার ৩য় পক্ষীয় দায় বীমা পলিসির মূলকপি জমা দিতে হবে যার নূন্যতম মেয়াদকাল ৩০/০৬/২০২৪ এর পরবর্তী ০৩ (তিন) মাস পর্যন্ত বহাল থাকবে।

৮) তালিকভুক্তি নবায়ন ২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ দুই (০২) অর্থবছরের জন্য বিজ্ঞপ্তি প্রকাশের সর্বোচ্চ ০২ (দুই) মাস পূর্বে ইস্যুকৃত ০৩ (তিন) লক্ষ বা তদুর্ধ টাকার ব্যাংক সচ্ছলতার সনদপত্রের মূলকপি।

**৯) ২ (দুই) বছরের অধিককাল তালিকাভুক্তি নাবায়ন না করে থাকলে তালিকাভুক্তি বাতিল হয়ে যাবে, যাহা নবায়নের কোন সুযোগ থাকবে না। তালিকাভুক্ত ঠিকাদারগণ-কে প্রতি বছর কোম্পানির নির্ধারিত সময়ে নিয়ম মাফিক তালিকাভুক্তি নবায়ন করে নবায়নের ধারাবাহিকতা বজায় রাখতে হয়। কোন তালিকাভুক্ত ঠিকাদার পর পর ০২ (দুই) বছর তালিকাভুক্তি নবায়ন না করলে উক্ত প্রতিষ্ঠানের পুনঃ তালিকাভুক্তি, তালিকাভুক্তি কমিটির অনুমতিক্রমে বকেয়া সমুদয় নবায়ন ফি (প্রতি অর্থ বছরের জন্য ২০০০.০০ টাকা হারে) এবং পুনরায় তালিকাভুক্তি ফি হিসেবে ৫০০০.০০ টাকা পরিশোধ করতে হবে। এছাড়াও জরিমানা বাবদ আরও তালিকাভুক্তি ফি এর সমপরিমাণ অর্থাৎ ৫০০০.০০ টাকা পরিশোধ করার প্রেক্ষিতে তালিকাভুক্তি' র শর্তাবলী পুরণ সাপেক্ষে পুনঃ তালিকাভুক্তি করা যেতে পারে।**

১০) আবেদনপত্র প্রয়োজনীয় ডকুমেন্টসসহ সুবিন্যস্তভাবে একটি ফাইলে জমা দিতে হবে। সকল লেখা কিংবা যোগাযোগ কম্পোজ আকারে হতে হবে।

১১) অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বা যথাসময়ে আবেদন জমা প্রদান না দিলে উহার বিষয়ে সংশ্লিষ্ট কমিটির সিদ্ধান্ত মোতাবেক ব্যবস্থা (বাতিল/প্রক্রিয়াকরণ) গ্রহণ করা হবে। নবায়ন সংক্রান্ত ব্যাপারে অত্র কোম্পানির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে।

১২) প্রাথমিকভাবে বাছাইকৃত আবেদনপত্র পরবর্তীতে কমিটির মাধ্যমে চূড়ান্ত করা হবে এবং সে অনুযায়ী তালিকাভুক্তির তালিকা প্রকাশ করা হবে।

১৩) তালিকাভুক্তি নবায়নের ব্যাপারে এসজিসিএল এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে। প্রয়োজনে বিস্তারিত তথ্যের জন্য পরিকলনা ও উন্নয়ন বিভাগে যোগাযোগ করা যেতে পারে। যোগাযোগের ফোন নং- ০১৭০৪-১৭১১০৩, ই-মেইলঃ sgclplaning@gmail.com

১৪) আবেদনপত্রের ও সংযুক্তির প্রতি পাতায় স্বত্বাধিকারীর সীলসহ স্বাক্ষর দিতে হবে।

22/06/2022
(প্রকৌঃ মোঃ সালাহউদ্দিন)
মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন)

প্রাপক (সংশ্লিষ্ট সকল ঠিকাদার): ................................